# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 14-07-2025** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) সুপ্রিম কোর্টের নির্দেশেই যোগ্য ও অযোগ্য তালিকা প্রকাশের দাবিতে অবস্থান বিক্ষোভে সামিল চাকরিহারা শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষাকর্মীরা।

২) ২০১৬ সালের স্কুল সার্ভিস কমিশনের নতুন রুল চ্যালেঞ্জ ও অতিরিক্ত শূন্য পদ তৈরির বিরুদ্ধে দায়ের হওয়া মামলার শুনানি শেষে রায়দান স্থগিত রেখেছে কলকাতা হাইকোর্ট।

৩) ভিন রাজ্যে বাংলাভাষিদের হেনস্থার অভিযোগে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গভীর উদ্বেগ প্রকাশ করেছেন।

৪) রাজ্য মন্ত্রিসভার বৈঠকে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৫) গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও সংলগ্ন বাংলাদেশের ওপর সৃষ্টি নিম্নচাপের জেরে দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই বৃষ্টি হচ্ছে।

oooooooooooooooooooooo

সুপ্রিম কোর্টের নির্দেশেই চাকরিহারা শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষাকর্মীরা আজই যোগ্য ও অযোগ্য তালিকা প্রকাশে অনড় রয়েছেন। আজ তাদের নবান্ন অভিযানকে কেন্দ্র করে পরিস্থিতি উতপ্ত হয়ে ওঠে। বিকেলে শিবপুর পুলিশ লাইন্সে মুখ্য সচিবের সঙ্গে

আন্দোলনকারীদের এক প্রতিনিধি দলের বৈঠকের পর জানানো হয়, সরকারের সঙ্গে আলোচনায় তারা সন্তুষ্ট নয়।

আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট)

এদিকে, আন্দোলনকারীদের ওপর পুলিশী সক্রিয়তার তীব্র সমালোচনা করেছেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী।

oooooooooooooooooooo

শিক্ষক, শিক্ষিকা ও শিক্ষা কর্মীদের নবান্ন অভিযান অসম্পূর্ণ থাকার জন্য বিজেপি আজ বামপন্থীদের দায়ী করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এক বিবৃতিতে অভিযোগ করেন, আন্দোলনকারীদের মধ্যে এই ধরনের কিছু মানুষদের উপস্থিতি ও হস্তক্ষেপের কারণে আরজিকরের আন্দোলনও মাঝপথে থমকে গেছে। এই ব্যক্তিদের চিহ্নিত করে আন্দোলনের দায়িত্ব যাতে তাদের হাতে না থাকে তা নিশ্চিত করতে বিরোধী দলনেতা আবেদন জানান। শ্রী অধিকারী বলেন, আন্দোলনকে সফল করতে রাষ্ট্রবাদীদের ঐক্যবদ্ধ হতে হবে। একই সঙ্গে বিজেপি এই শিক্ষক, শিক্ষিকা ও শিক্ষা কর্মীদের পাশে রয়েছে বলে তিনি আশ্বাস দেন।

oooooooooooooooooooo

স্কুল সার্ভিস কমিশনের শিক্ষক নিয়োগের পরীক্ষার আবেদনের সময়সীমা এক সপ্তাহ বাড়ানো হয়েছে। আগের বিজ্ঞপ্তি অনুযায়ী আজই ছিল আবেদন জানানোর শেষ দিন। তবে এসএসসির তরফে জানানো হয়েছে, ২১ জুলাই বিকেল ৫ টা ৫৯ মিনিট পর্যন্ত অনলাইনে প্রার্থীরা আবেদন জানানো যাবে। ওই দিন রাত ১১ টা ৫৯ মিনিট পর্যন্ত

আবেদনের ফি জমা দেওয়া যাবে। গত ১৬ই জুন থেকে অনলাইনে আবেদন প্রক্রিয়া শুরু হয়।

নবম-দশমে ২৩ হাজার ২১২ এবং একাদশ-দ্বাদশে ১২ হাজার ৫১৪ শূন্যপদে শিক্ষক নিয়োগ করা হবে। লিখিত পরীক্ষা হবে সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহে। অক্টোবর মাসের চতুর্থ সপ্তাহে ফল প্রকাশ। ইন্টারভিউয়ের সম্ভাব্য সময় নভেম্বর মাসের প্রথম থেকে তৃতীয় সপ্তাহ পর্যন্ত। প্যানেল প্রকাশিত হবে ২৪ শে নভেম্বর। কাউন্সেলিং শুরু হবে ২৯ শে নভেম্বর থেকে।

০০০০০০০০০০০০০০০০০০০০

২০১৬ সালের স্কুল সার্ভিস কমিশনের নতুন রুল চ্যালেঞ্জ ও অতিরিক্ত শূন্যপদ তৈরির বিরুদ্ধে দায়ের হওয়া মামলার শুনানি শেষে রায়দান স্থগিত রেখেছে কলকাতা হাইকোর্ট। আদালতের নির্দেশ মত রাজ্য ও স্কুল সার্ভিস কমিশন আজ বিচারপতি সৌমেন সেন ও বিচারপতি স্মিতা দাস দের ডিভিশন বেঞ্চে হলফনামা জমা দিয়ে তাদের বক্তব্য জানায়।

উল্লেখ্য, চিহ্নিত অযোগ্য প্রার্থীরা নতুন পরীক্ষায় বসতে পারবে না বলে আগেই সিঙ্গেল বেঞ্চের বিচারপতি সৌগত ভট্টাচার্য নির্দেশ দিয়েছিলেন। এর বিরুদ্ধে ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হলে সেখানেও একই নির্দেশ বহাল থাকে। তবে ২০১৬ সালের নিয়োগ প্রক্রিয়ার জন্য কেন নতুন রুল তৈরি করা হল এবং এক্ষেত্রে কেন অতিরিক্ত শূন্যপদ তৈরী করা হল তা নিয়ে প্রশ্ন তুলে ডিভিশন বেঞ্চ শুনানি গ্রহণ করে। সব পক্ষের বক্তব্য শোনার পর রায়দান স্থগিত রাখা হয়েছে।

শীঘ্রই এই মামলার রায়দান হতে পারে।

০০০০০০০০০০০০০০০০০০০০

ভিনরাজ্যে বাংলা ভাষীদের হেনস্থার অভিযোগে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। নবান্নে আজ রাজ্য মন্ত্রিসভার বৈঠকে তিনি বলেন, পশ্চিমবঙ্গে

ভিন রাজ্যের প্রায় দেড় কোটি মানুষ নিরাপদে বসবাস করেন। এখানকার ২২ লক্ষ মানুষ, যারা দেশের বিভিন্ন রাজ্যে জীবিকা নির্বাহ করছেন, তাঁরা কেন হেনস্থার শিকার হবেন তা নিয়ে তিনি প্রশ্ন তুলেছেন।

এদিনের বৈঠকে ২১ জুলাই এ শহীদ সমাবেশের প্রস্তুতি নিয়েও বার্তা দেন মুখ্যমন্ত্রী। একই দিনে বিজেপির উত্তরকন্যা অভিযানকে কোনও গুরুত্ব না দেওয়ারও পরামর্শ দিয়েছেন তিনি। সমাবেশে তৃণমূল কংগ্রেস কর্মীদের যাতায়াত, আবাসন ও নিরাপত্তা নিশ্চিত করতে পুলিশ ও প্রশাসনকে নির্দেশ দেন তিনি।

অন্যদিকে রাজ্য মন্ত্রিসভার বৈঠক চলাকালীন অসুস্থ হয়ে পড়েন রাজ্যের মৎস্য মন্ত্রী বিপ্লব রায়চৌধুরী। সচিবালয়ের চিকিৎসকদের কাছ থেকে প্রাথমিক চিকিৎসার পর তাকে কলকাতার এসএসকেএম হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

ওড়িশায় এরাজ্যের ৫৪৮ জন আটকে রয়েছেন বলে রাজ্য সরকার কলকাতা হাইকোর্টে জানিয়েছে। বিচারপতি তপব্রত চক্রবর্তী ও বিচারপতি ঋতব্রত কুমার মিত্রের ডিভিশন বেঞ্চে এব্যপারে রাজ্য সরকারের তরফে আজ বিস্তারিত রিপোর্ট জমা দেওয়া হয়। এর আগে ওড়িশা সরকারের সঙ্গে যোগাযোগ করে রিপোর্ট জমা দেওয়ার জন্য মুখ্যসচিবকে নির্দেশ দিয়েছিল হাইকোর্ট। আগামী বুধবার এই মামলার শুনানি।

উল্লেখ্য, ওই দিনই বীরভূমের ছয়জনকে দিল্লি থেকে বাংলাদেশে পাঠানোর অভিযোগ সংক্রান্ত মামলার শুনানিও রয়েছে। আদালত জানিয়েছে, দুটি মামলাই একই সঙ্গে শোনা হবে।

এদিকে, দিল্লির জয়হিন্দ কলোনিতে বসবাসকারী বাঙালীদের, বাংলাদেশী আখ্যা দিয়ে বৈধ নথিপত্র থাকা সত্ত্বেও, অনুপ্রবেশকারী বলে চিহ্নিত করা হচ্ছে – এই অভিযোগ করে তৃণমূল কংগ্রেস সেই সমস্ত বাংলা ভাষাভাষি পরিবারগুলির পাশে দাঁড়াতে সেখানে শান্তিপূর্ণ প্রতিবাদ কর্মসূচী চালাচ্ছে। সাগরিকা ঘোষ, সুখেন্দু শেখর রায়, দোলা সেন এবং সাকেত গোখলে এই প্রতিবাদ কর্মসূচীতে সামিল হয়েছেন। মঙ্গলবার বিকেল পর্যন্ত এই কর্মসূচী চলবে বলে জানা গেছে।

কংগ্রেসও এর প্রতিবাদে জেলায় জেলায় সপ্তাহব্যাপী বিক্ষোভ কর্মসূচীর ডাক দিয়েছে। একই সঙ্গে প্রতিটি জেলা শাসকের কাছে এব্যাপারে ডেপুটেশন জমা দেওয়া হবে বলে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০

মেট্রো রেল ও বন্দেভারত এক্সপ্রেস-এর কোচ নির্মাণের লক্ষ্যে টিটাগড় রেল সিস্টেমস লিমিটেড-এর বর্তমান ইউনিট সম্প্রসারণের জন্য রাজ্য সরকার ৪০ একর জমি হস্তান্তর করার সিদ্ধান্ত নিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নেতৃত্বে নবান্নে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে আজ এই সিদ্ধান্ত গৃহীত হয়। জানা গেছে, এই জমি হুগলি জেলার কোতরং ও ভদ্রকালী মৌজায় TRSL-এর উত্তরপাড়ার বর্তমান ৩৪ একর কারখানার ঠিক পাশেই অবস্থিত। ১২৬ কোটি টাকার বিনিময়ে ওই ৪০ একর জমি ৯৯ বছরের লিজে হস্তান্তর করা হয়েছে। এরফলে টিটাগড়ে রেল কোচ নির্মাণে আরও গতি আসবে, তৈরি হবে শিল্পক্ষেত্রে বিনিয়োগ ও কর্মসংস্থানের সুযোগ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা পুর এলাকায় বার্ধক্য ভাতা প্রদানের প্রক্রিয়াতে পরিবর্তন আনার সিদ্ধান্ত আজ রাজ্য মন্ত্রিসভায় গৃহীত হয়েছে। এতদিন পর্যন্ত সমাজকল্যাণ দফতরের অধীন কন্ট্রোলার অফ ভ্যাগ্রেন্সি, এই ভাতা অনুমোদন করত। নতুন নিয়ম অনুযায়ী, এখন থেকে এই দায়িত্ব থাকবে কলকাতা পুরসভার কমিশনার-এর হাতে। এর ফলে প্রক্রিয়া আরও দ্রুত ও সহজ হবে এবং উপভোক্তারা দ্রুত ভাতা পেতে পারবেন বলে মনে করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের অন্যান্য অংশের সঙ্গেই পূর্ব বর্ধমান জেলায় আজ পালিত হচ্ছে বনমহোৎসব। আগামীকাল মেমারির ব্লক অফিস প্রাঙ্গনে জেলার মূল অনুষ্ঠানটি অনুষ্ঠিত হবে। বর্ধমান রমনাবাগান পার্কে বন মহোৎসব উপলক্ষ্যে বন দপ্তরের পক্ষ আজ একটি সুসজ্জিত ট্যাবলোর উদ্বোধন করেন বিভাগীয় বনাধিকারিক সঞ্চিতা শর্মা। তিনি জানান, সাতদিন ধরে জেলার প্রতিটি ব্লকে এই ট্যাবলো ঘুরবে। এখান থেকে বিভিন্ন গাছের চারা বিতরণ

করা হবে। এবারে প্রায় সাড়ে তিন লক্ষ গাছের চারা বিতরণের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। পাশাপাশি রমনাবাগান থেকেও বিতরণ করা হবে গাছের চারা।

oooooooooooooooooooooo

বন্যপ্রানীর আক্রমনে মানুষের প্রানহানির ঘটনায় রাজ্য সরকার তাদের প্রতিশ্রুতি মতো এখনও পর্যন্ত ৫৫৪ জনকে ফরেস্ট ভলান্টিয়ার হিসাবে নিয়োগ করেছে। বনবিভাগ থেকে প্রকাশিত এক বিবৃতিতে জানানো হয়েছে, এছাড়াও মৃতের পরিবারকে এককালীন ৫ লক্ষ টাকা করে অর্থ সহায়তা করা হয়েছে।

অন্যদিকে ই অকশনের মাধ্যমে নিলাম করে গত অর্থ বছরে ২১৯ কোটি ৫৯ লক্ষ টাকার জঙ্গলের কাঠ বিক্রি করায় রয়্যালটি বাবদ রাজ্য কোষাগারে জমা পড়েছে ৮৮ কোটি ৬৩ লক্ষ টাকার বেশি। বন রক্ষায় যৌথ পরিচালন সমিতির সদস্যদের ৮১ কোটি ৮৪ লক্ষ টাকার অধিক দেওয়া হয়েছে বলেও ওই বিবৃতিতে জানানো হয়েছে।

oooooooooooooooooooooo

গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও সংলগ্ন বাংলাদেশের ওপর থাকা সুস্পষ্ট নিম্নচাপটি কলকাতা থেকে ৭০ কিলোমিটার উত্তর পূর্বে এবং বর্ধমান থেকে ১০০ কিলোমিটার পূর্ব উত্তর পূর্বে অবস্থান করছে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ সোমনাথ দত্ত জানিয়েছেন। তিনি বলেন, এটিই স্থলভাগে তৈরি হওয়া এই বর্ষার প্রথম নিম্নচাপ।

এর প্রভাবে দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই বৃষ্টি হচ্ছে।

(বাইট )

দক্ষিণ ২৪ পরগনা এবং পশ্চিম ও পূর্ব মেদিনীপুর জেলায় জারি করা হয়েছে লাল সতর্কতা।

অন্যদিকে উত্তরবঙ্গের দার্জিলিং জলপাইগুড়ি কোচবিহার মালদা ও দক্ষিণ দিনাজপুর জেলায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া এবং বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি হওয়ার পূর্বাভাস রয়েছে।

এদিকে, সমুদ্র উত্তাল থাকায় মৎস্যজীবীদের মাছ ধরতে যেতে নিষেধ করা হয়েছে।

মেঘলা আকাশ ও একটানা বৃষ্টিতে কমেছে তাপমাত্রা। কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৮ দশমিক চার ডিগ্রী সেলসিয়াস। স্বাভাবিকের থেকে যা চার দশমিক চার ডিগ্রী কম।

০০০০০০০০০০০০০০০০০০০০

বিধাননগরে আজ কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লিগে ডায়মন্ড হারবার এফ সি ১-০ গোলে এরিয়ান ক্লাব কে হারিয়ে দিয়েছে। উলুবেড়িয়ায় খিদিরপুর ক্লাব ও পিয়ারলেস স্পোর্টস ক্লাবের খেলাটি অমীমাংসিতভাবে শেষ হয়। দুই দলই একটি করে গোল করেছে। ব্যারাকপুরে আর একটি ম্যাচে ইউনাইটেড স্পোর্টস ক্লাব ৪-৩ গোলে সাদার্ন সমিতিকে পরাজিত করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০